



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
অভ্যন্তরীণ সংগ্রহ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.৩৬

তারিখ: ১ আশ্বিন ১৪২৬

১৬ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: চালকলের সঠিক ছাঁটাই ক্ষমতা নিরূপন ও সঠিক ছাঁটাই ক্ষমতা প্রণয়নকালে পূরণকৃত ফর্ম সংরক্ষণ করা।

সূত্র: সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.১২, তারিখ: ২১/০৮/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন আমন সংগ্রহ ২০১৯-২০ মৌসুম অতি সন্নিহিত। আগামী আমন মৌসুমে কোন অচল/বন্ধ মিলের তথ্যাদি প্রদান না করা এবং ঐ ধরনের মিলের অনুকূলে চালের বরাদ্দ প্রদান না করার জন্য সূত্রস্থ স্মারকে নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া শ্রেণীভিত্তিক চালকলের ছাঁটাই ক্ষমতা নির্ণয়ের জন্য অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর ১২নং অনুচ্ছেদে “ক”, “খ” ও “গ” এ নিম্নবর্ণিতভাবে নির্দেশনা প্রদান করা হয়েছে।

“(ক) খাদ্য অধিদপ্তরের ০১-০১-২০০৩ তারিখের সপ/সংগ্রহ-বোরো-১/২০০২-২০০৩/০২(৫৭৫) নং পরিপত্র ও সংযুক্ত ফর্ম অনুযায়ী হাফিং মিলে সিদ্ধ চালের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা (সংযুক্ত: পরিশিষ্ট-গ) এবং খাদ্য মন্ত্রণালয়ের ৩০-১০-২০০৩ তারিখের খাম/(স-৭)/নিষ্পত্তি-৩/৯৪-৩৪৪ নং পরিপত্র ও সংযুক্ত ফর্ম অনুযায়ী আতপ মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা (সংযুক্ত পরিশিষ্ট-ঘ) নির্ণয় করতে হবে।

(খ) খাদ্য অধিদপ্তরের ২৬/১০/২০১০ তারিখের সপ/সংগ্রহ-৭/২০০৯/১৯৩৬(৬) নং স্মারকে গঠিত কমিটি অটোমেটিক চালকলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা সংযুক্ত নির্দেশনা অনুযায়ী নির্ধারণ করবে (পরিশিষ্ট-ঙ)।

(গ) অটোমেটিক মিলের বেলায় দৈনিক ১৬ ঘণ্টার ছাঁটাই ক্ষমতা বিবেচনায় নিতে হবে; তবে কালার সর্টার মেশিন না থাকলে কোন মিল অটোমেটিক রাইস মিল হিসেবে বিবেচিত হবে না।”

উপরে বর্ণিত নির্দেশনা অনুযায়ী শ্রেণীভিত্তিক চালকলের ছাঁটাই ক্ষমতা (ফর্ম অনুসারে) নির্ণয় করে উক্ত ফর্মসমূহ (কমিটির স্বাক্ষরযুক্ত) স্ব স্ব আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরে সংরক্ষণ করতে হবে।

পরবর্তীতে খাদ্য অধিদপ্তর হতে চালকলের ছাঁটাইক্ষমতা নিরূপনে পূরণকৃত ফর্ম যাচাই-বাছাই করে ছাঁটাই ক্ষমতার সঠিকতা পরীক্ষা করা হবে। চালকলের ছাঁটাইক্ষমতা নিরূপনে পূরণকৃত ফর্মে প্রদত্ত তথ্যের সাথে পরবর্তীতে কোন গড়মিল পাওয়া গেলে তার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্যগণ সরাসরি দায়ী থাকবেন এবং তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। অত্র পত্রের নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৬-৯-২০১৯

মোঃ আমজাদ হোসেন

বিকল্প কর্মকর্তা, পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর,  
ঢাকা।


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৮৩.১৯.৩৬/১(৪)

তারিখ: ১ আশ্বিন ১৪২৬  
১৬ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর



১৬-৯-২০১৯

মোঃ আমজাদ হোসেন

বিকল্প কর্মকর্তা, পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য  
অধিদপ্তর, ঢাকা।